



# [এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ফরম ফিলাপের ফি পরিশোধের নির্দেশিকা]()


“Sonali eSheba (সোনালী ই-সেবা)” মোবাইল অ্যাপ এর মাধ্যমে অথবা [https://sbl.com.bd:7070/BoardFee/Fee/](https://sbl.com.bd:7070/BoardFee/Fee/) লিংক ব্যবহার করে অথবা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকে অথবা শিক্ষার্থীদের নিকট প্রেরিত SMS এ প্রাপ্ত Link ব্যবহার করে এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ফরম ফিলাপের ফি খুব সহজেই পরিশোধ করুন।

“Sonali eSheba (সোনালী ই-সেবা)” মোবাইল অ্যাপ এর মাধ্যমে এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ফরম ফিলাপের ফি পরিশোধের জন্য প্রথমে Google Play Store থেকে **Sonali eSheba** অ্যাপটি আপনার মোবাইলে ইন্সটল করুন। তারপর অ্যাপটি ওপেন করে নিচে প্রদর্শিত ধাপগুলো অনুসরণ করুনঃ

| | |
|---|---|
| ধাপ-১: “Sonali eSheba” অ্যাপটি খুলুন | <br>Sonali eSheba (সোনালী ই-সেবা) অ্যাপটি খুলুন। “ HSC/Eqiv. Form Fill-up” আইকনে ক্লিক করুন। |
| ধাপ-২: প্রয়োজনীয় তথ্য প্রদান করুন | <br>Board Name ড্রপডাউন লিস্ট থেকে শিক্ষা বোর্ড নির্বাচন করুন। অতঃপর ১০ সংখ্যার এইচএসসি/আলিম/সমমান এর রেজিস্ট্রেশন নম্বর এবং ৬ সংখ্যার এসএসসি/দাখিল/সমমান এর রোল নম্বর প্রদান করে "**Check**" বাটনে ক্লিক করুন। |

| | |
|---|---|
| | <br><br>প্রদানকৃত তথ্যে ভুল থাকলে  উপরের চিত্রের ন্যায় "**Data Not Found**" ম্যাসেজ প্রদর্শিত হবে। এক্ষেত্রে পুনরায় সঠিক তথ্য প্রদান করে "**Check**" বাটনে ক্লিক করুন। |
| ধাপ-৩: প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাই করুন | <br><br>ডিসপ্লেতে প্রদর্শিত সকল তথ্য (শিক্ষার্থীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর, এসএসসি/দাখিল/সমমান এর রোল নম্বর, এইচএসসি/আলিম/সমমান এর রেজিস্ট্রেশন নম্বর এবং মোট টাকার পরিমাণ) সঠিক আছে কি না তা চেক করুন। তথ্য সঠিক থাকলে ফি পরিশোধের জন্য "**Confirm Payment**" বাটনে ক্লিক করুন। |

ধাপ-৪: আপনার সুবিধাজনক পদ্ধতিতে (সোনালী ব্যাংকের একাউন্ট/ ভিসা/ মাস্টার/ এমেক্স/ নেক্সাস কার্ড/ বিকাশ/ নগদ/ রকেট/ উপায় ইত্যাদি) ফি পরিশোধ করুন






ফি পরিশোধের জন্য "**OK**" বাটনে ক্লিক করার পর চিত্রে প্রদর্শিত **Sonali Payment Gateway** পেজ প্রদর্শিত হবে। উক্ত পেজ থেকে এবার আপনি আপনার পছন্দমত যে কোন একটি অপশন ব্যবহার করে ফি পরিশোধ করতে পারবেন।



# সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখায় আপনার একাউন্ট থাকলে আপনি "**Account Transfer**" আইকনে ক্লিক করে আপনার একাউন্ট থেকেই ফি পরিশোধ করতে পারবেন।



# আপনি সোনালী ব্যাংক লিমিটেডের ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডধারী হলে কার্ড চিহ্নিত আইকনে ক্লিক করে আপনার কার্ডের মাধ্যমেই ফি পরিশোধ করতে পারবেন।


# যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড, এমেক্স কার্ড, ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ড ব্যবহার করেও আপনি ফি পরিশোধ করতে পারবেন।


# মোবাইল ব্যাংকিং (bKash, Nagad, Rocket, Upay) ব্যবহার করেও আপনি ফি পরিশোধ করতে পারবেন।


| | |
|---|---|
| ধাপ-৫ (ক): সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট হতে ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফি পরিশোধ | <br>আপনি যদি আপনার একাউন্ট থেকে ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Account Transfer**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হবে। আপনার সোনালী ব্যাংক লিমিটেডের একাউন্ট নম্বর, একাউন্টের নাম, একাউন্টের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বর নির্দিষ্ট ফিল্ডে প্রদান করে "**Submit Request**" বাটনে ক্লিক করুন। এরপর ব্যাংক একাউন্টের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে একটি OTP (One Time Password) প্রেরিত হবে, যা উপরে প্রদর্শিত তৃতীয় ছবিতে প্রদর্শিত OTP ফিল্ডে প্রদান করে "**Submit Confirmation**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |
| ধাপ-৫ (খ): সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের মাধ্যমে ফি পরিশোধ | <br>আপনি যদি সোনালী ব্যাংক লিমিটেডের ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে **কার্ড চিহ্নিত** আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে "**VISA**" আইকনে ক্লিক করুন। আপনার ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের নম্বর, কার্ডের মেয়াদোত্তীর্ণের মাস ও সাল, কার্ডধারীর নাম এবং কার্ডের পিছনের অংশ হতে সিকিউরিটি কোড তৃতীয় ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Pay now**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |

| | |
|---|---|
| ধাপ-৫ (গ): যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ডের মাধ্যমে ফি পরিশোধ |  <br>আপনি যদি যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Cards**" আইকনে ক্লিক করে "**MasterCard**" বা "**QCash**" বা "**VISA**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে "**VISA**" বা "**MasterCard**" বা "**Q চিহ্নিত**" আইকনে ক্লিক করুন। আপনার ভিসা/মাস্টার কার্ডের নম্বর, কার্ডের মেয়াদোত্তীর্ণের মাস ও সাল, কার্ডধারীর নাম এবং কার্ডের পিছনের অংশ হতে সিকিউরিটি কোড তৃতীয় ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Pay now**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |
| ধাপ-৫ (ঘ): ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ডের মাধ্যমে ফি পরিশোধ |  <br>আপনি যদি ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Cards**" আইকনে ক্লিক করে "**DBBL NEXUS**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে কার্ডধারীর নাম, নেক্সাস কার্ডের নম্বর, কার্ডের পিন ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Submit**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ডাচ-বাংলা ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |


| | |
|---|---|
| ধাপ-৫ (ঙ): মোবাইল ব্যাংকিং **bKash** এর মাধ্যমে ফি পরিশোধ | <br><br>আপনি যদি মোবাইল ব্যাংকিং bKash এর মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Mobile Banking**" আইকনে ক্লিক করে **bKash** আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে আপনার বিকাশ নম্বরটি প্রদানপূর্বক "**Confirm**" বাটনে ক্লিক করুন। এরপর আপনার বিকাশ নম্বরে SMS এর মাধ্যমে একটি Verification Code প্রেরিত হবে, যা উপরের তৃতীয় ছবিতে প্রদর্শিত bKash Verification Code ফিল্ডে প্রদান করে "**Confirm**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং bKash থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |
| ধাপ-৫ (চ): মোবাইল ব্যাংকিং **Nagad** এর মাধ্যমে ফি পরিশোধ | <br><br>আপনি যদি মোবাইল ব্যাংকিং Nagad এর মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Mobile Banking**" আইকনে ক্লিক করে **নগদ** আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে আপনার নগদ একাউন্ট নম্বর প্রদানপূর্বক "**Proceed**" বাটনে ক্লিক করে PIN প্রদান করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং নগদ থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে। |


<table>
<tr>
<td>ধাপ-৫ (ছ): মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি পরিশোধ</td>
<td>





<br>
আপনি যদি মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "Mobile Banking" আইকনে ক্লিক করে রকেট আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে আপনার রকেট একাউন্ট নম্বর ও পিন প্রদানপূর্বক "Submit" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ডাচ-বাংলা ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।
</td>
</tr>
<tr>
<td>ধাপ-৬: ফি পরিশোধের পর পে স্লিপ সংরক্ষন</td>
<td>

Sonali Bank Limited<br>
HSC 2021 Form Fillup(Dhaka board)<br>
Student Pay Slip<br>
Transaction Id:<br>
Date:<br>
Institute Name:<br>
Student Name:<br>
Roll No:<br>
Registration No:<br>
Mobile No:<br>
Fee Amount(BDT):<br>
Charge Amount(BDT):<br>
Paid Amount(BDT):<br>
This Pay Slip has been generated electronically. No signature required.<br>
<br>
সফলভাবে পেমেন্ট সম্পন্ন হলে একটি কনফার্মেশন এসএমএস (SMS) মোবাইলে প্রেরিত হবে এবং চিত্রে প্রদর্শিত পেমেন্ট স্লিপ প্রদর্শিত হবে যা সংরক্ষন করতে হবে।
</td>
</tr>
</table>

**বিশেষ দ্রষ্টব্যঃ**




* পেমেন্ট স্লিপ না পেলে চিত্রে প্রদর্শিত Menu Bar এ ক্লিক করে Search Bar এ ট্রানজেকশন নম্বর লিখে সার্চ বাটনে ক্লিক করলে পেমেন্ট স্লিপ পাওয়া যাবে।









* **Help** menu -তে এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার ফরম ফিলাপের ফি পেমেন্ট সংক্রান্ত যাবতীয় সেবা প্রাপ্তির ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর পাওয়া যাবে।


**বিশেষ দ্রষ্টব্যঃ**




* **Complain** menu থেকে Make Complain অপশন ব্যবহার করে পেমেন্ট সংক্রান্ত যে কোনো সমস্যা সমাধানের জন্য সাহায্য পাওয়া যাবে।




* **Complain** menu এর My Complain অপশন থেকে Complain ID অথবা Student ID ব্যবহার করে আপনার সাবমিটকৃত সমস্যার বর্তমান অবস্থা সম্পর্কে জানতে পারবেন।



**Sonali eSheba অ্যাপ এর মাধ্যমে ঘরে বসে ২ মিনিটে ব্যাংক একাউন্ট খুলুন।**

**Sonali e-Wallet অ্যাপ এর মাধ্যমে ঘরে বসে নিরাপদে ব্যাংকিং করুন।**

